**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**3 JANUARY 2025** **7:35 AM IST**

==================================================================

কেন্দ্রীয় রেলমন্ত্রী অশ্বিনী বৈষব আজ গুয়াহাটি ও উত্তর লক্ষিমপুরের মধ্যে চলাচল করা নতুন রেল পরিষেবা জনশতাব্দী এক্সপ্রেস ট্রেনের যাত্রার আনুষ্ঠানিক সূচনা করবেন । ব্রহ্মপুত্রের উত্তর তীরের সঙ্গে গুয়াহাটির রেল যোগাযোগ আরো উন্নত করার লক্ষ্যে এই ট্রেনটি চালু করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে । রেল বিভাগ সূত্রে জানানো হয়েছে যে- সপ্তাহে দুবার করে যাতায়াত করা এই ট্রেনটি সকাল ন'টা ৫০ মিনিটে গুয়াহাটি থেকে যাত্রা করে বিকেল ৪ টা ১৫ মিনিটে উত্তর লক্ষিমপুর পৌছবে । এছাড়া বিকেল পাঁচটায় উত্তর লক্ষিমপুর থেকে যাত্রা করে রাত ১১টা ২৫ মিনিটে ট্রেনটি গুয়াহাটি এসে পৌছবে । রেলমন্ত্রী শ্রী বৈষ্ণ আজ তিনসুকিয়া-নাহারলগুন এক্সপ্রেস এবং গুয়াহাটি-নিউ বঙাইগাঁও এক্সপ্রেস যাত্রীবাহী ট্রেনেরও পতাকা নেড়ে সূচনা করবেন । এছাড়া রেলমন্ত্রী শ্রীবৈষ্ণ সেখানে নবনির্মিত একটি ফ্লাই ওভারেরও উদ্বোধন করবেন । এরপর তথ্য ও সম্প্রচার বিভাগেরও মন্ত্রী শ্রী বৈষ্ণ ভার্চুয়াল ব্যবস্থার মাধ্যমে আকাশবাণী কোকরাঝাড় কেন্দ্রের নবনির্মিত এফ এম ট্রান্সমিটারেরও আনুষ্ঠানিক উদ্বোধন করবেন ।

---

আকাশবাণীর সঞ্চালক প্রধান শ্রীমতি প্রজ্ঞা পালিওয়াল গৌড় দুদিনের সফরে গতকাল গুয়াহাটি এসেছেন । শ্রীমতি পালিওয়াল গতকাল গুয়াহাটিতে আকাশবাণী ও দূরদর্শনের আধিকারিকদের সঙ্গে বিভাগীয় কাজের পর্যালোচনা করেন । তথ্য ও

সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণ’এর আজ গুয়াহাটি থেকে ভার্চুয়াল ব্যবস্থার মাধ্যমে কোকরাঝাড়ের নতুন এফ এম ট্রান্সমিটারের উদ্বোধনের প্রস্তুতি সম্পর্কেও শ্রীমতি পালিওয়াল আকাশবাণীর আধিকারিকদের সঙ্গে আলোচনা করেছেন ।

---

অজয় কুমার ভাল্লা আজ মণিপুরের রাজ্যপাল হিসেবে শপথ গ্রহন করবেন ।

এদিকে মিজোরামের বিদায়ী রাজ্যপাল ডক্টর হরি বাবু কামভামপতিকে গতকাল আনুষ্ঠানিকভাবে বিদায় সংবর্ধনা জানানো হয়েছে । এ উপলক্ষ্যে গতকাল রাজ্যের মুখ্যমন্ত্রী পু লাল ডুহোমার পৌরহিত্যে লেংপুই বিমানবন্দরে সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয় । ডক্টর কামভামপতি মিজোরামের রাজ্যপাল হিসেবে তিন বছর পাঁচ মাস দায়িত্ব পালন করেছেন । বর্তমানে তাঁকে ওড়িষ্যার রাজ্যপাল হিসেবে নিযুক্তি দেওয়া হয়েছে ।

এদিকে মিজোরামের নতুন রাজ্যপাল অবসরপ্রাপ্ত সেনা জেনারেল ও প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী বিজয় কুমার সিং আগামী ৯ই জানুয়ারী দায়িত্বভার গ্রহণ করবেন ।

---

রাজ্য সরকার বসুন্ধরা তৃতীয় পর্যায়ের আবেদনের সময়সীমা ১০ই জানুয়ারী পর্যন্ত বৃদ্ধি করেছে । মিশন বসুন্ধরা প্রকল্পের তৃতীয় পর্যায়ে পোর্টালে আবেদনকারীরা আগামী ১০ জানুয়ারী মধ্যরাত পর্যন্ত আবেদন করতে পারবেন । আবেদনকারীদের যাতে কোন ধরণের বাধার সম্মুখিন হতে না হন, সেই বিষয়টি নিশ্চিত করতে প্রয়োজনীয় সব ব্যবস্থা গ্রহণ করতে জেলা আয়ুক্তদের নির্দেশ প্রদান করা হয়েছে । উল্লেখ্য যে এর আগে তৃতীয় পর্যায়ের বসুন্ধরা প্রকল্পের জন্য ২০২৪ সালের ১৫ অক্টোবর অধিসূচনা জারী করা হয়েছিল এবং ওই অধিসূচনায় ২০২৪ সালের ৩১ ডিসেম্বরের মধ্যরাত পর্যন্ত আবেদনপত্র দাখিল করার জন্য সময়সীমা নির্ধারন করে দেওয়া হয়েছিল ।

---

শ্রীভূমির জেলা আয়ুক্ত এক বিজ্ঞপ্তিতে জেলায় পঞ্চায়েত নির্বাচনের জন্য জেলা পরিষদ সদস্য , আঞ্চলিক পঞ্চায়েত সভাপতি ও সহ-সভাপতি পদের আসনগুলিতে তপশিলি জাতি , তপশিলি উপজাতি ও মহিলা প্রার্থীদের জন্য আসন সংরক্ষণ সংক্রান্ত তালিকা প্রকাশ করেছেন । বিজ্ঞপ্তিতে বলা হয়েছে যে আনিপুর ,কালিগঞ্জ , কানাইনগর ফাকুয়া , লক্ষী বাজার , মাইজগ্রাম , সুপ্রাকান্দি , রাধাপ্যারী ,টিলাবাড়ী ও বান্দর কোনা জেলা পরিষদ আসন মহিলা প্রার্থীদের জন্য সংরক্ষিত করা হয়েছে । এছাড়া শ্রীগৌরী জেলা পরিষদ আসন তপশিলি জাতির মহিলা প্রার্থী ও ভৈরব নগর জেলা পরিষদ আসন তপশিলি জাতির প্রার্থীর জন্য সংরক্ষন করা হয়েছে । পাশাপাশি জেলা পরিষদের ১৬টি আসনের মধ্যে চান্দখিরা , চেরাগী , দূর্লভছড়া , লোয়াইরপোয়া , নিলামবাজার , রাজাটিলা, উমরপুর এবং শ্রীমন্ত কানিশাইল বাসাইল জেলা পরিষদ আসন অসংরক্ষিত রাখা হয়েছে । সংরক্ষণের এই তালিকা সব গ্রাম পঞ্চায়েত সচিব , খন্ড উন্নয়ন আধিকারিক ,সব রাজনৈতিক দলের কর্মকর্তাদের কাছে পাঠিয়ে দেওয়া হয়েছে । বিশদ বিবরণের জন্য সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েত কার্যালয়ে যোগাযোগ করতে বলা হয়েছে ।

---

শ্রীভূমি পৌরসভার কার্যবাহী আধিকারিক এক বিজ্ঞপ্তিতে ১২০ মাইক্রোনের নীচের ঘনত্বের নিষিদ্ধ পলিথিন ব্যাগ , পাউচ ও প্লাষ্টিক ব্যাগ ব্যবহার না করতে ব্যবসায়ীদের প্রতি নির্দেশ দিয়েছেন । বিজ্ঞপ্তিতে নিষিদ্ধ পলিথিন ব্যবহার করলে প্লাষ্টিক ওয়েস্ট ম্যানেজমেন্ট আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে বলে জানানো হয়েছে । এছাড়া শ্রীভূমি শহরের গাছগুলিতে যত্রতত্র সাইন বোর্ড , হোর্ডিং না লাগাতেও পৌর এলাকার নাগরিকদের প্রতি আহ্বান জানানো হয়েছে ।

---

ভারতীয় রেডক্রস সোসাইটির শিলচর শাখার পক্ষ থেকে গতকাল শিলচরে সংস্থার কার্যালয়ে সদ্য প্রয়াত দেশের প্রাক্তন প্রধানমন্ত্রী ডক্টর মনমোহন সিংহের প্রতি শ্রদ্ধা জানাতে এক শোকসভার আয়োজন করা হয়েছে । সংস্থার শিলচর শাখার সভাপতি বীরেশ চন্দ্র ব্যানার্জীর পৌরহিত্যে আয়োজিত এই সভায় প্রয়াত

প্রধানমন্ত্রী ডক্টর সিংহের জীবনের বিভিন্ন দিক নিয়ে বিভিন্ন বক্তা প্রাসঙ্গিক বক্তব্য রাখেন । পরে প্রয়াত প্রধানমন্ত্রীর প্রতি শ্রদ্ধা জানিয়ে এক মিনিট নীরবতা পালন করা হয়েছে ।

---

লক্ষীপুর প্রবীণ নাগরিক সংস্থা ও কাছাড় মানব অধিকার সংস্থার লক্ষীপুর আঞ্চলিক সমিতির যৌথ উদ্যোগে সম্প্রতি গুয়াহাটী বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন অধ্যাপক তথা বিশিষ্ট মানবাধিকার কর্মী প্রয়াত এন সানাজাওবা সিংহের ৮০তম জন্ম দিবস বিভিন্ন কার্য্যসূচীর মাধ্যমে পালন করা হয়েছে । অধ্যাপক জি নরহরি সিংহের পৌরহিত্যে এই উপলক্ষে আয়োজিত এক সভায় এন সানা জাওবা সিংহের কর্মময় জীবনের বিভিন্ন দিক নিয়ে আই বিনোদ সিংহ , কে এইচ গৌর হরি সিংহ বক্তব্য রাখেন ।

---

---